

ব্রাসিলিয়া (২০-২১ জুলাই ২০১৫) ভারত ও ব্রাজিলের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক এবং প্রথম কনসুলার বার্তালাপ

আন্ডার সেকরেটারি জেনারেল রাজনৈতিক-দ্বিতীয় সম্মানীয় মিঃ য়োশ আলফ্রেডো গ্রাসা লিমা এবং ভারতের সমমর্যাদাসম্পন্ন মহাসচিব আমেরিকা ও কনসুলার, ভিসা ও পাসপোর্ট বিষয়ের সম্মানীয় মিঃ আর স্বামীনাথনের মধ্যে ব্রাসিলিয়াতে ২০ জুলাই দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। উভয়পক্ষ দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় সহ সামগ্রিক বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। ইউফাতে সদ্য সমাপ্ত ব্রিকস সম্মেলনে দ্বিপাক্ষিক ও বহুদেশীয় মঞ্চে সহযোগিতা বিষয়ে গৃহীত সিদ্ধান্তগুলি বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও প্রেসিডেন্ট ডিলা রুশেফ নির্দেশগুলি অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়নের বিষয়টি লিপিবদ্ধ করা হয়। সহযোগিতার প্রধানবিষয় গুলির মধ্যে রয়েছে ব্যবসা ও বাণিজ্য, কৃষি ও পরিবেশ, পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার, মহাকাশ, প্রতিরক্ষা, ট্রাডিশনাল ঔষধ, শিক্ষা, সংস্কৃতি এবং সাইবার নিরাপত্তা। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কারের উদ্যোগের জন্য জি-ফোরের মধ্যে উভয়পক্ষ সমন্বয় করায় ঐক্যমত হয়েছে। নিকট সম্পর্ক বজায় রেখে উভয়পক্ষ জলবায়ু পরিবর্তনের 'বেসিকে' উদ্যোগ নেবে এবং ইবসাকে পুনরুজ্জীবিত করার সিদ্ধান্ত নিয়েছে।

সম্মানীয় মিঃ আর স্বামীনাথন ২০ জুলাই ব্রাজিলের পররাষ্ট্রবিষয়ক মন্ত্রী সম্মানীয় মাউরো ভিয়েরার সংগে সাক্ষাৎ করেন এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী সম্মানীয় শ্রীমতী সুষমা স্বরাজের আমন্ত্রণে দিল্লিতে অনুষ্ঠিত পরবর্তী যৌথ কমিশনে যোগ দেওয়ার জন্য ভারত সফর করার অনুরোধ জানান। ব্রাজিলের পররাষ্ট্রবিষয়ক মন্ত্রী মহানুভবতার সংগে আমন্ত্রণ গ্রহণ করেন। অদূর ভবিষ্যতে ব্রাজিলের প্রতিরক্ষা ও কৃষিমন্ত্রী ভারতে সফর করতে পারেন।

২১ জুলাই মিঃ আর স্বামীনাথন অনাবাসী ব্রাজিলিও সমাজ বিষয়ক আন্ডার সেকরেটারি জেনারেল সম্মানীয় রাষ্ট্রদূত কার্লোস আলবার্টো সাইমাস মাগালহায়েসের সংগে কনসুলার বিষয়ে ফলপ্রসূ আলোচনা করেন। বৈঠকে ভারত ব্রাজিলের মধ্যে প্রত্যর্পণ চুক্তি সংকরান্ত উপাদানগুলি বিনিময় করা হয়।

নয়াদিল্লি

২৩ জুলাই ২০১৫ ÷